

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, জানুয়ারী ২৪, ২০০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

পৌর-৩ শাখা।

প্রজ্ঞাপন

তারিখ, ৮ মাঘ, ১৪১০/২১ জানুয়ারী, ২০০৮

এস, আর, ও নং ১৩-আইন/২০০৮।—যেহেতু সরকার অত্র বিভাগের প্রজ্ঞাপন এস, আর, ও নং ১৪৫ আইন/২০০৩, তারিখ ২রা জুন, ২০০৩ ইংরেজী মোতাবেক ১৯শে জ্যৈষ্ঠ, ১৪১০ বাংলা দ্বারা নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে শহর এলাকা ঘোষণা করিয়াছে; এবং

যেহেতু সরকার উক্ত এলাকার সমন্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণা করিবার উদ্দেশ্যে Declaration and Alterations of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এবং rule 3 এর বিধান মোতাবেক উক্তরূপ ঘোষণার প্রস্তাবসম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহ্বান করিবার জন্য হবিগঞ্জ জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উক্ত এলাকাকে মিউনিসিপ্যালিটি ঘোষণার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন; এবং

যেহেতু সরকার এই প্রতিবেদন বিবেচনাক্রমে উক্ত Rules এর rule 4(2) এর অধীনে উক্ত এলাকা সমন্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

সেহেতু Paurashava Ordinance, 1977 (Ordinance No. XXVI Of 1977) এর section 4(a) তে প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত Rules এর rule 5 এর বিধান মোতাবেক সরকার এতদ্বারা হবিগঞ্জ জেলার আজমিরীগঞ্জ উপজেলাধীন নিম্ন তফসিলে বর্ণিত শহর এলাকাকে, আগামী ৫ই মাঘ, ১৪১০ বাংলা মোতাবেক ১৮ই জানুয়ারী, ২০০৮ ইংরেজী তারিখ হইতে একটি মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) রূপে ঘোষণা করিল; এই মিউনিসিপ্যালিটি আজমিরীগঞ্জ মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) নামে অভিহিত হইবে।

(১৬৭)

মূল্যঃ টাকা ১.০০

